

যুগান্তর

পুলিশের ওপর হামলা মামলা সাবিতে জামায়াতপন্থী শিক্ষক গ্রেফতার

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক মো. আমিরুল ইসলামকে গ্রেফতার করেছে মহানগর গোয়েন্দা পুলিশের সদস্যরা। বৃহস্পতিবার রাত সাড়ে ৮টার দিকে নগরীর বিনোদপুর এলাকা থেকে তাকে আটক করা হয়। ওই শিক্ষক জামায়াতে ইসলামীর রাজনীতির সঙ্গে জড়িত বলে বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে। মহানগর গোয়েন্দা পুলিশের মুখপাত্র সুশান্ত চন্দ্র রায় বলেন, 'ওই শিক্ষক পুলিশের ওপর হামলা মামলার ওয়ারেন্টভুক্ত আসামি। গ্রেফতারের পর তাকে মতিহার থানা হেফাজতে রাখা হয়েছে। মতিহার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা হুমায়ুন কবির বলেন, 'বোয়ালিয়া থানায় দায়েরকৃত পুলিশের কাজে বাধাদান ও হামলার একটি মামলায় তাকে গ্রেফতার করে থানায় রাখা হয়েছে। পরে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হবে। জানতে চাইলে বিশ্ববিদ্যালয়ের প্রচীর প্রফেসর তারিকুল হাসান যুগান্তরকে বলেন, 'তুনেছি মো. আমিরুল ইসলাম নামে একজন শিক্ষককে গ্রেফতার করা হয়েছে।